

# 💵 আল-লুলু ওয়াল মারজান

### হাদিস নাম্বারঃ ৩৫১

৫/ মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা (১ মানজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা

পরিচ্ছেদঃ ৫/২৮. সালাতের জন্য ধীরস্থির ও শান্তভাবে আসা মুস্তাহাব এবং দৌড়ে আসা অপছন্দনীয় হওয়া।

استحباب إتيان الصلاة بوقار وسكينة والنهى عن إتيانها سعيًا

#### আরবী

حَدِيْثُ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ قَالَ بَيْنَمَا نَحْنُ نُصلِّي مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم إِذْ سَمِعَ جَلَبَةَ رِجَالٍ فَلَمَّا صلَّى قَالَ مَا شَأْنُكُمْ قَالُوا اسْتَعْجَلْنَا إِلَى الصَّلاَةِ قَالَ فَلاَ تَفْعَلُوا إِذَا أَتَيْتُمْ الصَّلاَةَ فَعَلَيْكُمْ بِالسَّكِينَةِ فَمَا أَدْرَكْتُمْ فَصَلُوا وَمَا فَاتَكُمْ فَأَتِمُّوا

#### বাংলা

৩৫১. আবূ কাতাদাহ্ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, একবার আমরা নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে সালাত আদায় করছিলাম। হঠাৎ তিনি লোকদের (আগমনের) আওয়ায শুনতে পেলেন। সালাত শেষে তিনি জিজ্ঞেস করলেন তোমাদের কী হয়েছিল? তাঁরা বললেন, আমরা সালাতের জন্য তাড়াহুড়া করে আসছিলাম। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এরূপ করবে না। যখন সালাতে আসবে ধীরস্থিরভাবে আসবে (ইমামের সাথে) যতটুকু পাও আদায় করবে, আর যতটুকু ছুটে যায় তা (ইমামের সালাত ফিরানোর পর) পূর্ণ করবে।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১০; আযান, অধ্যায় ২০, হাঃ ৬৩৫; মুসলিম, পর্ব ৫ : মসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায়

২৮, হাঃ ৬০৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদাহ আল-আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন